গাংনীতে নির্বাচনী কর্মীসভায় আগ্নেয়াস্ত্র বহনকারি হান্নানকে নিয়ে আলোচনা সমালোচনা

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকা প্রতীকের প্রার্থীর কর্মীসভায় আব্দুল হান্নান নামের এক ব্যাবসায়ী তার লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্র নিয়ে কর্মি সভায় উপস্থিত থাকা নিয়ে এলাকাবাসীর মধ্যে চলছে নানা আলোচনা-সমালোচনা ও আতংক। তবে আগ্নেয়াস্ত্রের মালিক বিষয়টি না বুঝেই করেছেন বলে দাবী করেছেন। নির্বাচন অফিসার বলছে এটি সম্পুর্ণ নিষিদ্ধ।

বুধবার বিকাল ৫ টায় কুতুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় গাড়াবাড়িয়া প্রাঙ্গনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মো গোলজার হোসেনের নির্বাচনী কর্মী সভা অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। এ সময় গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, উপস্থিত ছিলেন।

নৌকার প্রার্থী গোলজার হোসেন এর নির্বাচনী কর্মী সভার মঞ্চে প্রধান অতিথির পাশেই আগ্নেয়াস্ত্র (শর্টগান) নিয়ে অতিথিদের সারিতে বসেছিলেন গাংনী মহিলা কলেজ পাড়ার ব্যবসায়ী আব্দুল হান্নান। নির্বাচনী কর্মী সভায় আগ্নেঅস্ত্র নিয়ে আসার বিষয়ে জানতে চাইলে আব্দুল হান্নান বলেন, আমি একজন ব্যবসায়ী। অস্ত্রটি আমার নামে লাইসেন্স করা। এখানে অস্ত্র নিয়ে আসলে কি সমস্যা হবে তা জানি না। আমি না বুঝেই করেছি। তবে আমার আগ্নেয়াস্ত্র আমার সাথেই ছিল। আমি অনুষ্ঠানে তাড়াহুড়া করে চলে আসতে হয়েছে তাই রেখে আসা সময় হয়নি। তাছাড়া আমি এসব নিয়মকানুন কিছুই জানিনা।

নির্বাচনী কর্মী সভার মঞ্চে আগ্নেয়াস্ত্র নিয়ে মঞ্চে থাকার বিষয়ে

জানতে চাইলে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, অস্ত্র প্রদর্শন করেছে এমন তথ্য আমার জানা নেই। এই নির্বাচনে বৈধ আর্মস বা লাইসেন্সধারীদের অস্ত্র কালেকশন করেনি। কোন ভিআইপিরা তাদের নিরাপত্তার স্বার্থে বৈধ আর্মস বহন করার এখতিয়ার আছে।

উপজেলা নির্বাচন অফিসার ও সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার রিটার্নিং অফিসার আব্দুল আজিজ বলেন, কোন প্রকার আগ্নেয়াস্ত্র প্রদর্শন সম্পুর্ণ নিষিদ্ধ। আগ্নেয়াস্ত্র প্রদর্শন করলে স্থানীয় পুলিশ প্রশাসন তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করবে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি আমরা জানতে পেরেছি। আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

গাংনী কাথুলী ইউনিয়নে নৌকার প্রার্থী গোলজার হোসেনের কর্মী সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার ০১ নং কাথুলী ইউনিয়নে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী গোলজার হোসেনের নির্বাচন উপলক্ষে কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৩ টায় কাথুলী ইউনিয়নের কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় গাড়াবাড়িয়া প্রাঙ্গনে জেলা আওয়ামী সহ সভাপতি আব্দুল হালিম বিশ্বাসের সভাপতিত্বে কর্মীসভা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্যে রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। সভায় গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজল উদ্দীন, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, গাংনী পৌর আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু,

সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ।সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা দেশে উন্নয়নের ধারা অব্যহত রাখতে ইউপি নির্বাচনে নৌকা প্রতীকের বিজয়লাভ করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে স্মার্টমেক এর রোড শো অনুষ্ঠিত

‘কৃষি মেশিন ব্যবহার করি, সময় অর্থ দুই-ই বাঁচায়’ এই শ্লোগানে মেহেরপুরে সকল প্রকার কৃষি মেশিনের প্রচারণায় রোড শো অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে স্মার্টমেক লিমিটেডের আয়োজনে রোড শো’র আয়োজন করা হয়।

এসময় স্মার্টমেক লিমিটেডের পরিচালক জেরিমি ডেভিস, কৃষি সম্প্রসারণ অফিসার জাহিদুল ইসলাম, দিপক কুমার, স্মার্টমেক লিমিটেডের ফিল্ড ম্যানাজার মুন্নি জাহানসহ অন্যান্য কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে জেরিমি ডেভিস এর নেতৃত্বে রোড শো’টি সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে উপজেলার বিভিন্ন এলাকা প্রদর্শন করে। এসময় স্মার্টমেক এর কার্যক্রম ও কৃষি মেশিনের সহায়তা সম্পর্কে চাষীদের সাথে আলোচনা করা হয়।

স্মার্টমেক মূলত চাষীদের কৃষি মেশিনের সহায়তা প্রদানের একটি প্রতিষ্ঠান। স্মার্টমেক লিমিটেড কম্বাইন্ড হারভেষ্টার, পাওয়ার টিলার, রাইস ট্রান্সপ্লান্টার, ফোর হুইল ট্রাক্টরসহ সকল মেশিনের যাবতীয় যন্ত্রাংশ বিক্রয় সার্ভিসিং দিয়ে থাকে।

[redacted]

[redacted]

ঝিনাইদহ জেল হত্যা দিবস পালন

গতকাল বুধবার, ৩ নভেম্বর। ৪৬ বছর আগের কালো ছায়াঘেরা সেই দিনে জাতি হারিয়েছিল চার সোনালি সন্তানকে। চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এ এইচ এম কামারুজ্জামান ও ক্যাপ্টেন মনসুর আলী- ঢাকা কেন্দ্রীয় কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে নির্মম হত্যার শিকার হন তারা।
গুলির পরও বেঁচে ছিলেন জাতীয় চার নেতার একজন, এম মনসুর আলী। কিন্তু গোঙানির শব্দ শুনে কারারক্ষী মোতালেব দৌড়ে গিয়ে জেলগেটে ঘাতকদের খবর দেয়। আবার ফিরে এসে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে জাতীয় চার নেতার মৃত্যু নিশ্চিত করা হয়। রাষ্ট্রপতি খোন্দকার মোশতাকের নির্দেশে ফজরের আগে ১০ মিনিটেই কিলিং মিশন শেষ করে ঘাতকরা।
৩ নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের উদ্যোগে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, দলীয় পতাকা অর্ধনমিতকরন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মহান মুক্তিযুদ্ধের সংগঠক জাতীয় চার নেতার প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং পৌর মেয়র সাইদুল করিম মিন্টু পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

ত্রিবেণী ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জেল হত্যা দিবস পালন

শৈলকুপা উপজেলা ১ নং ত্রিবেণী ইউনিয়ন আওয়ামীলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক ও সুযোগ্য চেয়ারম্যান মরহুম জহুরুল হক খানের ভাতিজা মোঃ আলম হোসেন খানের (চেয়ারম্যান পদপ্রার্থী) উদ্যোগে

ত্রিবেণী বাজারে আওয়ামীলীগে পার্টি অফিসে, শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মাহফিলের আয়োজন করে ।
উক্ত দোয়ার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১নং ত্রিবেণী ইউনিয়ন আওয়ামীগের সংগ্রামী সহপতি জনাব মোঃগোলাম হোসেন, জনাব মো রবিউল ইসলাম,প্রচার সম্পাদক রাকিবুল হাসান ডেভিড, ১ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক মোঃ কাশেম রেজা সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ ও জনগণের একাংশ।

মেহেরপুরে জেল হত্যা দিবস পালিত

জাতীয় ৪ নেতার স্মরনে মেহেরপুরে জেল হত্যা দিবস পালন করেছে জেলা আওয়ামী লীগ । দিবটি উপলক্ষে আজ সকাল ৯টার দিকে মেহেরপুর শহরে জাতীয় ৪ নেতা প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে জেলা আওয়ামী লীগ ও জেলা যুবলীগ। এর পূর্বে জাতীয় সংগীত গাওয়া ও পতাকা উত্তোলন করেন নেতৃবৃন্দ। পরে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও যুগ্ন সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহীন। সমাবেশে জেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আওয়ামী লীগ ও যুব লীগের কর্মীরা অংশগ্রহন করে।

শৈলকুপায় আওয়ামীলীগ কর্মী হত্যায় জড়িতদের গ্রেফতার ও

ফাঁসির দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামীলীগকর্মী উকিল মৃধা হত্যায় জড়িতদের গ্রেফতার ও বিচার দাবিতে হাজার হাজার মানুষ বিক্ষোভ ও মানববন্ধন করেছে।
শৈলকুপার দামুকদিয়া গ্রামের আওয়ামী লীগ কর্মী রাশিদুল ইসলাম উকিল হত্যার বিচার দাবিতে বুধবার দুপুরে দামুকদিয়া গ্রামে এই মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়।
মনোহরপুর ইউনিয়নবাসীর আয়োজনে এ কর্মসূচীতে নিহতের স্বজন, জনপ্রতিনিধি, দলীয় কর্মী-সমর্থক সহ বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধি এবং এলাকার হাজার হাজার মানুষ অংশ নেয় । দীর্ঘ লাইন ধরে মানববন্ধনে অংশ নেয় শতশত নারীও। তারা খুণীদের গ্রেফতার সম্বলিত ব্যানার-প্লাকার্ড হাতে দাঁড়ায়।

এসময় উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারন সম্পাদক ও ঐ ইউনিয়নের চেয়ারম্যান মোস্তফা আরিফ রেজা মন্নু, সাবেক উপজেলা চেয়ারম্যান নায়েব আলী জোয়ারদার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, নিহতের স্ত্রী ইউনিয়নের সংরক্ষিত মহিলা মেম্বর তানিয়া খাতুন, নুরুল ইসলাম দুলু, আসাদুজ্জামান খোকন, মোস্তফা বাদল সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
এছাড়াও দামুকদিয়া গ্রামের সমাজপতি ঝন্টু, আলম, সূর্য সহ আসপাশের গ্রামের গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত হন মানববন্ধনে।
বক্তারা বলেন, রাশিদুল ইসলাম উকিলকে যারা নৃশংসভাবে কুপিয়ে হত্যা করেছে তাদের সকলকে আইনের আওতায় এনে দ্রুত সময়ে বিচার কাজ শুরু করতে হবে, একই সাথে ফাঁসির দাবি জানান।

প্রসঙ্গত, সামাজিক বিরোধের জের ধরে মনোহরপুর ইউনিয়নের দামুকদিয়া গ্রামে গত ২৫ জুলাই সন্ধ্যায় বাড়ি ফেরার পথে প্রতিপক্ষরা কুপিয়ে উকিল মৃধা কে হত্যা করে।
পরদিন ২৬ জুলাই ২৮ জনের নামে নিহতের স্ত্রী তানিয়া খাতুন বাদি হয়ে শৈলকুপা থানায় মামলা করে।

গাংনীতে কৃষি যন্ত্রপাতি বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কৃষিকে আরো তরান্বিত করতে ভর্তুকি মুল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা কৃষি অফিস কৃষি যতন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার (ভুমি) নাজমুল আলম, কৃষি কর্মকর্তা লাভলী খাতুনসহ উপসহকারি কর্মকর্তাবৃন্দ। সমন্বিত ব্যাববস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণের আওতায় সরকারি উন্নয়ন সহায়তায় ভর্তুকি মুল্যে তেতুলবাড়িয়া গ্রামের কৃষক রুবেল হোসেন ও করমদি গ্রামের জামাত আলীকে দুটি হারভেস্টার মেশিন প্রদান করা হয়।

আজকের বসুন্ধরা পত্রিকার প্রকাশক শওকত হোসেন স্মরণে মিলাদ ও দোয়া মাহফিল

জাতীয় প্রেসক্লাবের স্থায়ী সদস্য ও ঢাকা থেকে প্রকাশিত সরকারি মিডিয়া তালিকাভুক্ত জাতীয় দৈনিক আজকের বসুন্ধরা পত্রিকার প্রকাশক প্রয়াত এস.এম শওকত হোসেন রেজা’র স্মরণে আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে উক্ত আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। দৈনিক আজকের বসুন্ধরার আয়োজনে দর্শনা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলামের উপস্থাপনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা কেরুজ চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাব উদ্দিন। দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু’র সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে আরো আলোচনা করেন বাংলাদেশ চিনিকল

শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি ও দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের ৮ বারের নির্বাচিত সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, দর্শনা থানার ইন্সপেক্টর (তদন্ত) শামসুজ্জোহা, দর্শনা গণউন্নয়ন (সিডিএল) এর পরিচালক আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হারুন রাজু, সাবেক সভাপতি হানিফ মণ্ডল, প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সিনিয়র সাংবাদিক এফ,এ আলমগীর হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, দৈনিক আজকের বসুন্ধরা পত্রিকার স্টাফ রিপোর্টার এম.এ.আর. নয়ন, আব্দুল হান্নান, ওয়াসীম রয়েল, মাসুম বিল্লাহ সহ অন্যান্য সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভা শেষে মরহুম এস.এম শওকত রেজা’র আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়। দোয়া’র অনুষ্ঠান পরিচালনা করেন কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিন মাও. নেছার উদ্দিন আহম্মেদ।